# মার্কিন দূতের সঙ্গে ফোনালাপ সময়মতো নির্বাচন হবে: প্রধান উপদেষ্টা




সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জানিয়েছেন, আগামী ১২ ফেব্রুয়ারি জাতীয় সংসদ নির্বাচন সময়মতোই অনুষ্ঠিত হবে। মার্কিন বিশেষ দূতের সঙ্গে ফোনালাপে তিনি অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে সরকারের প্রস্তুতির কথা
জানান।

সোমবার সন্ধ্যায় যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক বিশেষ দূত সার্জিও গোরের সঙ্গে টেলিফোনে কথা বলেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। প্রায় আধা ঘণ্টার এই আলোচনায় নির্বাচন, গণতান্ত্রিক রূপান্তর এবং বাংলাদেশ–যুক্তরাষ্ট্রের বাণিজ্য ও শুল্ক ইস্যু গুরুত্ব পায়।

আলোচনায় অধ্যাপক ইউনূস বলেন, দীর্ঘদিন ভোটাধিকার থেকে বঞ্চিত জনগণ এবার নির্বাচনে অংশ নিতে আগ্রহী। তিনি পুনর্ব্যক্ত করেন, ১২ ফেব্রুয়ারি নির্ধারিত সময়েই জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে এবং এটি অবাধ ও সুষ্ঠু করতে অন্তর্বর্তী সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

ফোনালাপে সাম্প্রতিক শুল্ক আলোচনার প্রসঙ্গও উঠে আসে। এতে নেতৃত্ব দেওয়ার জন্য সার্জিও গোর অধ্যাপক ইউনূসকে অভিনন্দন জানান এবং আলোচনার ফলে বাংলাদেশি পণ্যের ওপর যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক ২০ শতাংশে নামিয়ে আনার বিষয়টি উল্লেখ করেন।

প্রধান উপদেষ্টা অভিযোগ করেন, অপসারিত শাসনের সমর্থকেরা নির্বাচন ব্যাহত করতে তৎপর রয়েছে। তবে তিনি বলেন, যেকোনো চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার প্রস্তুত এবং হাতে থাকা প্রায় ৫০ দিনে একটি শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজনই মূল লক্ষ্য।

এই আলোচনায় বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান এবং এসডিজি সমন্বয়ক ও সিনিয়র সচিব লামিয়া মোর্শেদ উপস্থিত ছিলেন।